ভোরের কাগজ

তারিখ ... ... JUL. 0.6 2000..
পৃষ্ঠা ১০ কলাম ২

221

# নকল প্রবণতা রোধে থানা পর্যায়ে পরীক্ষা কেন্দ্র কেন্দ্রীভূত করার চিন্তাভাবনা চলছে

**কাগজ প্রতিনিধি :** শিক্ষামন্ত্রী এ এস এইচ কে সাদেক সংসদকে জানান, পরীক্ষা কেন্দ্রে নকল রোধের লক্ষ্যে সরকার বেশ কিছু পদক্ষেপ নিতে যাচ্ছে। এসব পদক্ষেপ সম্পর্কে বলতে গিয়ে তিনি বলেছেন, বিগত এসএসসি পরীক্ষায় ছাত্রছাত্রীদের স্বকীয়তা যাচাইয়ের লক্ষ্যে প্রশ্নের ধরনে পরিবর্তন আনা হয়েছে। সরকারি নীতিমালা যথাযথ অনুসরণের কারণে যেখানে সেখানে কেন্দ্র স্থাপন হয়নি। সুষ্ঠু সুশৃঙ্খলভাবে যেখানে পরীক্ষা পরিচালনা সম্ভব শুধু সেখানেই কেন্দ্র স্থাপন করা হচ্ছে। ভিজিল্যান্স টিম গঠনের মাধ্যমে আকস্মিকভাবে বিভিন্ন কেন্দ্র পরিদর্শন ও নকলবিরোধী তৎপরতা গ্রহণ করা হচ্ছে।

প্রশ্নোত্তরপর্বে আওয়ামী লীগ দলীয় সাংসদ শাহ আলম এডভোকেটের প্রশ্নের জবাবে তিনি এসব তথ্য জানান। পরীক্ষা কেন্দ্রে নকল প্রবণতা বৃদ্ধির কথা অস্বীকার করে তিনি বলেন, দেশের অধিকাংশ কেন্দ্রে সুষ্ঠুভাবে পরীক্ষাগ্রহণ সম্ভব হয়েছে।

মন্ত্রী বলেন, থানা পর্যায়ে পরীক্ষা কেন্দ্র কেন্দ্রীভূত করার চিন্তাভাবনা চলছে। অর্থ বরাদ্দ হলে পরিকল্পনা হাতে নেওয়া হবে। স্থানীয় চাপের মুখে প্রশাসন আগে যত্রতত্র পরীক্ষা কেন্দ্র দিতে বাধ্য হলেও এবার চাপ সত্ত্বেও নকল হয় এমন কেন্দ্রের অনুমতি সরকার দেয়নি।

**শিক্ষা প্রতিষ্ঠানে অর্থ আদায়**

সরকারদলীয় সাংসদ হোসনে আরা ওয়াহিদের এক প্রশ্নের জবাবে শিক্ষামন্ত্রী এ এস এইচ কে সাদেক বলেন, বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানগুলোর সকল ক্ষেত্রে সরকারি নিয়ন্ত্রণ প্রতিষ্ঠার তিনি পক্ষপাতী নন। তবে ইংরেজি শিক্ষা প্রতিষ্ঠানগুলোতে বেশি ডোনেশন আদায় করা হয় বলে তাদের ব্যাপারে একটি নীতিমালা তৈরি করা হচ্ছে।

সরকারকে ঐ সব শিক্ষা প্রতিষ্ঠানের আয়-ব্যয়ের হিসাব জানাতে হবে। অন্য প্রতিষ্ঠানগুলোর ব্যাপারে আপাতত নীতিমালা করা হচ্ছে না জানিয়ে তিনি বলেন, বেশি নীতিমালা তৈরি করলে তা পালিত হচ্ছে কি না সে বিষয়ে পরীক্ষার জন্য আরো লোক নিয়োগ করতে হবে এবং তাতে জটিলতা বাড়বে।

**নতুন মহিলা পলিটেকনিক ইনস্টিটিউট**

আওয়ামী লীগ সাংসদ তহুরা আলীর এক প্রশ্নের জবাবে শিক্ষামন্ত্রী জানান, ঢাকা ছাড়া বাকি পাঁচটি বিভাগীয় সদরে পাঁচটি মহিলা পলিটেকনিক ইনস্টিটিউট স্থাপনের জন্য একটি প্রকল্প হাতে নেওয়া হয়েছে। এরমধ্যে আইডিবি অর্থায়নে চট্টগ্রাম, রাজশাহী ও খুলনায় তিনটি নতুন মহিলা পলিটেকনিক ইনস্টিটিউট স্থাপনের কাজ আরম্ভ হয়েছে এবং সিলেট ও বরিশালে দুটি মহিলা পলিটেকনিক ইনস্টিটিউট স্থাপনের জন্য বৈদেশিক অর্থায়নের চেষ্টা চলছে। ঢাকার আগারগাঁয়ে দেশের একমাত্র মহিলা পলিটেকনিক ইনস্টিটিউট রয়েছে। মন্ত্রী জানান, দেশে ২০টি পলিটেকনিক ইনস্টিটিউট রয়েছে। শরীয়তপুর, ঠাকুরগাঁও, নবাবগঞ্জ, মাগুরা, শেরপুর, ব্রাহ্মণবাড়িয়া, কক্সবাজার, সাতক্ষীরা, সিরাজগঞ্জ, লক্ষ্মীপুর, নরসিংদী, গাজীপুর, গোপালগঞ্জ, ভোলা ও হবিগঞ্জ জেলায় আরো ১৫টি পলিটেকনিক ইনস্টিউট স্থাপন করা হচ্ছে।

**গ্রামীণ মহিলাদের জন্য প্রকল্প**

সরকারদলীয় সাংসদ হাজী মোঃ সেলিমের এক প্রশ্নের জবাবে মহিলা ও শিশুবিষয়ক প্রতিমন্ত্রী অধ্যাপিকা জিন্নাতুননেসা তালুকদার জানিয়েছেন, গ্রামীণ মহিলাদের স্বনির্ভর করার লক্ষ্যে ১৯৯৯-২০০০ অর্থবছরে দুটি প্রকল্প গ্রহণ করা হয়েছে। এগুলো হচ্ছে মহিলাবিষয়ক অধিদপ্তরের আওতায় গ্রামীণ মহিলাদের জন্য কর্মসংস্থান সৃষ্টি (২য় পর্যায়) প্রকল্প এবং জাতীয় মহিলা সংস্থার অধীনে গ্রামীণ মহিলা উন্নয়ন প্রকল্প। তিনি জানান, ১৯৯৯-২০০০ অর্থবছরে মহিলাবিষয়ক অধিদপ্তরের প্রকল্পের বারাদ্দকৃত অর্থের পরিমাণ মোট ৪৭ লাখ ২৫ হাজার টাকা। প্রশিক্ষণ বাবদ সোয়া ৫ লাখ টাকা বরাদ্দ রাখা হয়েছে। প্রকল্পটির মোট বরাদ্দ কোটি ৭৭ লাখ ৩৯ হাজার টাকা। জাতীয় মহিলা সংস্থার প্রকল্পের মোট বরাদ্দকৃত অর্থের পরিমাণ ৯ কোটি ৯৮ লাখ ১৫ হাজার টাকা। ১৯৯৯-২০০০ অর্থবছরে বরাদ্দ ১ কোটি ৫৩ লাখ টাকা।